The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 918 | 17 April 2026 | শুক্রবার ০৮ বৈশাখ ১৪৩২


Mamdani is going to start city-run Grocery Stores
→ Page 18

Judge declines to rule in Paladino case
→ Page 19




Did Donald Trump just commit 'blasphemy'?
→ Page 18

Tarique affirms pledge to implement July Charter
→ Page 19


# তারেক রহমানের প্রথম সফর দিল্লী!

হাসান মাহমুদ





প্রধানমন্ত্রী তারেক রহমানের দুইমাস বয়সি সরকারের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান আবার তিন দেশ সফরে আজ শুক্রবার, ১৭ এপ্রিল তুরস্কে অবস্থান করার কথা। সেখান থেকে তিনি বেলজিয়াম এবং ইথিওপিয়া সফরে যাবেন। তাঁর গত ৭-৯ এপ্রিলের তিন দিনের ভারত সফরকে বাংলাদেশ 'গুডউইল ভিজিট' বললেও ভারত সরকার এটিকে 'অফিসিয়াল' ভিজিট হিসেবে চিত্রিত করছে। মরিসাস যাবার পথে ভারতে বিরতি দিয়ে ড. খলিলের তিন দিনের সফর নিয়ে ঢাকার কূটনৈতিক মহলে ব্যাপক আলোচনা চলছে বলে সূত্রে জানা যায়। দু'দেশের মধ্যে গভীর সম্পর্ক স্থাপন, তারেক রহমানের ২ দিনের ভারত সফরও এর মধ্যে নিহিত বলে জানা যায়। খলিলুর রহমান ড. ইউনূস সরকারে থাকার সময় ১৯ নভেম্বর ২০২৫ নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালের সাথে দিল্লীতে গিয়ে বৈঠক করেছিলেন। তবে ড. ইউনূস প্রধান উপদেষ্টা থাকাকালে থাইল্যান্ডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে বিমস্টেক সামিটের সাইডলাইনে তিনি বৈঠক করেছিলেন। তাতে উভয়ের সম্পর্ক ছিল উত্তাল। এবার ড. খলিল পররাষ্ট্রমন্ত্রী হয়েই প্রথম বিদেশ সফর করেন সৌদি আরবে। জেদ্দায় 'ওআইসি' বৈঠকে তখন অংশ নেন। পরে তিনি লন্ডন, তুরস্ক, যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক ও ওয়াশিংটন, এরপর ১৫ পৃষ্ঠায়



## ইজরাইল বিরোধী বিক্ষোভে গ্রেফতার ১০০

আজকাল রিপোর্ট

ম্যানহাটনে যুক্তরাষ্ট্রের ইসরায়েলের কাছে বোমা বিক্রির প্রস্তাবের বিরুদ্ধে বিক্ষোভে নেমে প্রায় ১০০ জনকে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার এই বিক্ষোভে অংশ নেন শতাধিক মানুষ, যারা সিনেট ডেমোক্র্যাটিক নেতা চাক শুমার এবং সিনেটর ক্রিস্টি জিলিব্র্যান্ডের কাছে অস্ত্র বিক্রি বন্ধের দাবি জানান। বিক্ষোভের আয়োজন করে যুদ্ধবিরোধী সংগঠন জিউইশ ভয়েস ফর পিস। তারা প্রথমে দুই সিনেটরের ম্যানহাটন অফিসে অবস্থান ধর্মঘট করার চেষ্টা করলে নিরাপত্তাকর্মীরা তাদের এরপর ৫১ পৃষ্ঠায়

## লেবানন-ইসরাইলের ১০ দিনের যুদ্ধবিরতি ঘোষণা ট্রাম্পের

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প লেবানন ও ইসরাইলের মধ্যে ১০ দিনের যুদ্ধবিরতি ঘোষণা করেছেন। তার এই পদক্ষেপ ইরানের সঙ্গে সম্ভাব্য শান্তি চুক্তি এগিয়ে নেয়ার ক্ষেত্রে বড় ধরনের অগ্রগতি হিসেবে দেখা হচ্ছে। এরপর ৫১ পৃষ্ঠায়

## কানাডার এমপি বাংলাদেশি ডলি বেগম ভাইরাল



আজকাল রিপোর্ট

'মাই কই গেছুন' (মা কোথায় গেছেন) বিজয় ভাষণের শুরুতে সিলেটি ভাষায় এমন উক্তি করে নেট দুনিয়ায় ভাইরাল হয়ে আলোচিত, প্রশংসিত কানাডার নবনির্বাচিত বাংলাদেশি এমপি ডলি বেগম। দেশটির ক্ষমতাসীন লিবারেল পার্টির প্রার্থী হিসেবে তিনি অন্টারিও প্রদেশের টরন্টোর স্কারবোরো সাউথওয়েস্ট আসন থেকে এরপর ৫১ পৃষ্ঠায়

## লায়ন মাল্টিপল ডিস্ট্রিক্ট কনভেনশন শুরু আজ

আজকাল রিপোর্ট

লায়ন মাল্টিপল ডিস্ট্রিক্ট ২০ স্টেট কনভেনশন শুরু হচ্ছে শুক্রবার ১৭ এপ্রিল। নিউইয়র্কের আপস্টেট সিরাকুজের ম্যারিয়ট হোটেলে এ সম্মেলন অনুষ্ঠিত হবে। এতে ডিস্ট্রিক্ট গর্ভনর, ফার্স্ট ভাইস গর্ভনর ও সেকেন্ড ভাইস এরপর ১৫ পৃষ্ঠায়



## সংলাপ ব্যর্থ হলে যুদ্ধ শুরু করবে যুক্তরাষ্ট্র

আজকাল রিপোর্ট

ইরান যদি আসন্ন সংলাপে ইতিবাচক সাড়া না দেয় তা হলে তাদের গুরুত্বপূর্ণ স্থাপনায় হামলা চালানো হবে বলে প্রতিরক্ষা মন্ত্রী গতকাল বলেছেন। পাকিস্তানের সেনাবাহিনী প্রধান এখন ইরানে রয়েছেন বৈঠকের অগ্রগামী নিয়ে। যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ বলেছেন, ইরানের সঙ্গে চলমান আলোচনা ব্যর্থ হলে আবারও এরপর ১৫ পৃষ্ঠায়

## যিশুর সাজে ট্রাম্প: বিতর্কের ঝড়

আজকাল রিপোর্ট



ট্রাম্প এআই দিয়ে বানানো একটি ছবি পোস্ট করে ব্যাপক সমালোচনার সম্মুখিন হয়েছেন। যেখানে তাকে অসুস্থ এক ব্যক্তিকে সুস্থ করে তোলার ভূমিকা যিশুরূপে দেখানো হয়। এই ছবি নিয়ে তাৎক্ষণিক ক্ষোভের মুখে পড়েন ট্রাম্প। বির্তকের সৃষ্টি হয়। শেষমেশ তিনি ছবিটি সরিয়ে নেন, সঙ্গে দাবি করেন, ছবিতে ঈশ্বরের পুত্র হিসেবে নয়, তাকে নাকি একজন চিকিৎসক হিসেবে দেখানো হয়েছে।

এদিকে ট্রাম্প পোপের সমালোচনা করা বন্ধ করেননি। মঙ্গলবার রাতেও সামাজিক যোগাযোগ মাধ্যমে পোপকে কটাক্ষ করেন তিনি। আর এসব কটাক্ষের জবাবে পোপ বলেছেন, তিনি ট্রাম্প প্রশাসনকে 'ভয় পান না'। তিনি যে 'একা নন', সে কথাও স্মরণ করিয়ে দিয়েছেন পোপ।

অনেকেই মজা করে বলে আসছিলেন যে, ইরান যুদ্ধের ব্যর্থতা ঢাকতে হোয়াইট হাউজ হয়ত এপস্টেইন ফাইলকে সামনে নিয়ে আসবে।

মানুষের নজর ঘোরানোর এই কৌশল অবশ্য দৃশ্যমান হতে শুরু করেছে। গেল সপ্তাহে ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্প কোনো ধরনের প্রাসঙ্গিকতা ছাড়াই বিষয়টি সামনে আনেন। তিনি মূলত নিজেকে কেলেঙ্কারি থেকে দূরে রাখতেই এ বিষয়ে আলাপ তুলেছেন। কিন্তু তার সূত্র ধরে বিষয়টি আবার আলোচনা কেন্দ্রে চলে এসেছে। যুক্তরাষ্ট্রভিত্তিক সংবাদমাধ্যম দ্য আটলান্টিক লিখেছে, একদিকে যখন এই আলাপ উঠছে, সেই সময় ইরান যুদ্ধ নিয়ে শান্তি আলোচনা চলছে খুঁড়িয়ে খুঁড়িয়ে। এরপর ১৫ পৃষ্ঠায়



## টাইম ম্যাগাজিনে ১০০ প্রভাবশালীর তালিকায় তারেক রহমান

আজকাল রিপোর্ট

টাইম ম্যাগাজিনে বিশ্বের ১০০ প্রভাবশালী ব্যক্তির তালিকায় প্রধানমন্ত্রী তারেক রহমানের নাম অন্তর্ভুক্ত হওয়ায় জাতীয় সংসদে তাঁকে ধন্যবাদ জানানো হয়েছে। টাইম ম্যাগাজিনে প্রধানমন্ত্রীর নাম থাকায় শুধু তিনি সম্মানিত এরপর ১৫ পৃষ্ঠায়

BISMILLAH
HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC NYC TAXI
RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge-Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস ও মেডিকেল ম্যালপ্র্যাক্টিস
বিনামূল্যে পরামর্শ
এটর্নি বাসায় ও হাসপাতালে নিয়ে যাবে
Call : +1(866) 664 6529
For appointments only

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

# NEW YORK SENIOR ADULT DAYCARE

## নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার

## WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst Health Insurance for New Yorkers
elderplan a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik Managed Care
RiverSpring Living
MetroPlus Health
SWH Senior Whole Health









SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO

FUHAD HUSSAIN
CCO

MOHAMMAD ZAHID ALAM
CFO

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP

সর্বোচ্চ সেবার নিশ্চয়তা

CALL US NOW:
718-516-3425

SNG SHAH NAWAZ GROUP

Design by: ihopeprint.com, 929-538-7903

CONTACT US:

Off: 718-516-3424 | newyorksadc.com | 116-33 Queens Blvd | 86-11 101 Avenue,
FAX: 646-568-6474 | intake@ny-sadc.com | Forest Hills, NY 11375 | Ozone Park, NY 11416

# NY INSURANCE BROKERAGE INC

# আপনি কি TLC প্লেট নিতে চান??

## NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

# বিশ্ব অর্থনীতির ‘লাইফ লাইন’ হরমুজ প্রণালি অচলে সংকটে বাংলাদেশ

এম আব্দুল্লাহ আল মামুন খান

বিশ্বের গুরুত্বপূর্ণ জ্বালানি রুট হরমুজ প্রণালি। ২০ শতাংশ জ্বালানি পরিবহন হয় এই সামুদ্রিক রুটে। মধ্যপ্রাচ্যের বুকে এই হরমুজ প্রণালির একেবারেই কাছাকাছি আটকে রয়েছে বাংলাদেশ শিপিং করপোরেশনের জাহাজ ‘বাংলার জয়যাত্রা।’ মধ্যপ্রাচ্যে ইরানের সঙ্গে মার্কিন-ইসরায়েল যুদ্ধবিরতি চললেও অনুমতি দেয়া হচ্ছে না বাংলাদেশী পতাকাবাহী এই জাহাজকে। বড় উদ্বেগের বিষয় হচ্ছে- বৈশ্বিক জ্বালানি তেলের ভয়াবহ সংকট তৈরি হয়েছে। এই সংকটে জ্বালানি তেলের হাহাকার ও নাভিশ্বাস বাংলাদেশেও। বাংলাদেশের মতো আরও অনেক দেশের জাহাজ দিনের পর দিন আটকে থাকায় কোমর ভাঙছে অর্থনীতির। দেশে বর্তমানে ১ লাখ ৬৯ হাজার ৫২৪ টন জ্বালানি তেল মজুত রয়েছে বলে জানিয়েছে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

বিশ্ব জ্বালানি বাণিজ্যের এই ‘লাইফ লাইন’ অবরুদ্ধ-অচল থাকায় এটি এখন ইরানের বিরুদ্ধে চলমান মার্কিন-ইসরায়েল আগ্রাসনে ভূ-রাজনৈতিক সংকটের কেন্দ্র হিসেবে রূপ নিয়েছে। বাংলাদেশে অপরিশোধিত-পরিশোধিত জ্বালানি তেল আমদানির বড় উৎস বা বাজার মধ্যপ্রাচ্য। দেশের জ্বালানি চাহিদার ৬৫ থেকে ৭০ ভাগ আমদানি-নির্ভর। মধ্যপ্রাচ্যের দুই দেশ থেকে আসে প্রতি বছর দেশে জ্বালানি তেলের চাহিদার ২০ শতাংশ অপরিশোধিত তেল। এলএনজির ৫৫ শতাংশের যোগান দেয় কাতার ও ওমান। আবার এলপিজি আমদানি ও সরবরাহ ব্যবস্থাপনার প্রায় পুরোটাই মধ্যপ্রাচ্যকেন্দ্রিক। হরমুজ প্রণালি সচল না হলে দেশে জ্বালানি সরবরাহ ব্যবস্থাপনাসহ আর্থিক খাতে বড় সংকট দেখা দেবে।

বিশ্ব অর্থনীতির গুরুত্বপূর্ণ এই ‘চেকপয়েন্ট’ বন্ধ থাকায় ঝুঁকির মধ্যে ফেলে দিতে পারে সারা বিশ্বের মতো বাংলাদেশের অর্থনৈতিক স্থিতিশীলতাকেও। লাগামহীন হতে পারে মূল্যস্ফীতি পরিস্থিতি। যা গভীরভাবে প্রভাবিত করবে সাধারণ মানুষের জীবনযাত্রাকে। বিদ্যুৎ থেকে শুরু করে কৃষি, শিল্প ও গণপরিবহন খাতেও পড়বে নেতিবাচক প্রভাব। শীর্ষস্থানীয় অর্থনৈতিক গবেষণা সংস্থা সানেম এরই মধ্যে সতর্ক করে জানিয়েছে, এই সংকটের প্রভাবে বাংলাদেশের প্রকৃত জিডিপি প্রায় ১.২ শতাংশ সংকুচিত হতে পারে।

একটি সরু জলপথ হরমুজ প্রণালী আজ বিশ্ব পরাশক্তির দ্বন্দ্ব-সংঘাতের প্রধান মঞ্চ। দেশের বিদ্যুৎ উৎপাদনের একটি বড় অংশ ফার্নেস অয়েল ও ডিজেলের ওপর নির্ভরশীল হওয়ায় তেলের দাম বেড়ে গেলে বিদ্যুৎ উৎপাদনের খরচও বাড়বে। হয়েছেও তাই। লোডশেডিং করে জনগণের ভোগান্তির পথে না হেঁটে সরকার প্রতি মাসে জ্বালানি তেলে দুই হাজার থেকে আড়াই হাজার কোটি টাকা ভর্তুকি দিচ্ছে। গত ২৮শে ফেব্রুয়ারি শুরু হওয়া মধ্যপ্রাচ্যের যুদ্ধের কারণে জ্বালানি সরবরাহে সংকট দেখা দেয়ায় বিপর্যস্ত শিল্পখাতও। চাহিদা অনুযায়ী তেল না পাওয়ায় কাঙ্ক্ষিত উৎপাদন করতে পারছে না প্রতিষ্ঠানগুলো।

সময়মতো তৈরি পোশাক রপ্তানি করা সম্ভব না হলে আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের অবস্থান হারাবে।



অন্যদিকে, ডিজেলের দাম বাড়লে বাস, ট্রাক, লঞ্চ-সব ধরনের পরিবহনের খরচও বাড়বে। পণ্য পরিবহন ব্যয় বাড়লে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বাড়বে। আন্তর্জাতিক জ্বালানি বাজারের অস্থিরতায় ইতোমধ্যেই লাফিয়ে বেড়েছে ভোজ্যতেল, চিনি, এলপিজি, মুরগি, সবজিসহ বেশ কিছু নিত্যপণ্যের দাম। ফলে বিশ্ব জ্বালানি নিরাপত্তার প্রাণকেন্দ্রের অচলাবস্থায় বড় ভুক্তভোগী হয়ে উঠেছে বাংলাদেশ। যদিও বৈশ্বিক অর্থনৈতিক ও কূটনৈতিক ভারসাম্য বজায়ে সংবেদনশীল এই প্রণালিকে চলমান যুদ্ধে ইরান বড় হাতিয়ার হিসেবে ব্যবহার করছে। নিজেরা হরমুজ নিয়ন্ত্রণের মাধ্যমে আন্তর্জাতিক রাজনীতিতে কৌশলগত এক প্রভাব অর্জন করেছে।

জ্বালানি খাতের চলমান এই বৈশ্বিক সংকট সামাল দিতে নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে তারেক রহমানের নেতৃত্বাধীন সরকার। প্রভাব মোকাবিলায় সরকার একই সঙ্গে সাশ্রয়, রেশনিং ও বিকল্প উৎসে জোর দিচ্ছে। যানবাহনভিত্তিক নির্দিষ্ট পরিমাণ জ্বালানি সরবরাহের মাধ্যমে ‘প্যানিক বায়িং’ নিয়ন্ত্রণ এবং সুষম বন্টন নিশ্চিত করার চেষ্টা করা হচ্ছে। দক্ষ হাতে পরিস্থিতি মোকাবিলায় সরকারকে বেশ আত্মবিশ্বাসীই মনে হচ্ছে। শত প্রতিকূলতার মধ্যেও সরকার জ্বালানির তেলের দাম বাড়ায়নি। একই সঙ্গে সরকার বাজারে স্থিতিশীলতা বজায় রাখার চেষ্টা করছে। ফিলিং স্টেশনগুলোতে নিয়োগ দেয়া হয়েছে ট্যাগ অফিসার। পেট্রোল ও অকটেন বিক্রির ক্ষেত্রে ‘ফুয়েল পাস’ চালু হয়েছে। জ্বালানি বিশেষজ্ঞরা বলছেন, সরকারের সবগুলো আইনপ্রয়োগকারী সংস্থা ও অর্গানকে এক্ষেত্রে সমন্বিত পদক্ষেপ গ্রহণের কোন বিকল্প নেই। অবৈধ মজুত সংকট বাড়িয়ে দেয়ায় তাদের আইনের আওতায় এনে আরও কঠোর শাস্তির বিধান করতে হবে। যেন ভবিষ্যতের জন্য এটি দৃষ্টান্ত হয়ে থাকে। বিশ্লেষকরা এও মনে করেন, কঠিন বাস্তবতায় সরকারকে জ্বালানি তেল দেওয়ার ক্ষেত্রে অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ শিল্পকারখানা ও সেবা খাতকে অগ্রাধিকার দিতে হবে। যুদ্ধকালীন সীমিত জ্বালানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে। এখান থেকে শিক্ষা গ্রহণ করে সামনের দিনগুলোতে জ্বালানির চাহিদা ও এরপর ২৪ পৃষ্ঠায়



“২৪ মার্চ কাজাখস্তান প্রসঙ্গে পররাষ্ট্র মন্ত্রণালয়ে আনুষ্ঠানিক চিঠি দিয়েছে। শুধু তাই নয়, সরকার রাশিয়ার কাছ থেকে কোনো ধরনের বিরূপ প্রতিক্রিয়া বা আন্তর্জাতিক আইনি জটিলতা ছাড়াই পরিশোধিত জ্বালানি কেনার জন্য যুক্তরাষ্ট্রের কাছে নিষেধাজ্ঞায় ছাড় বা অব্যাহতির অনুরোধ জানিয়েছে। গত ২২ মার্চ ওয়াশিংটনকে এই সংক্রান্ত একটি চিঠি পাঠানো হয়েছে। সেখানে রাশিয়া থেকে ছয় লাখ টন পর্যন্ত পরিশোধিত জ্বালানি আমদানির অনুমতি অথবা বিকল্প হিসেবে অন্তত দুই মাসের জন্য নিষেধাজ্ঞা থেকে অব্যাহতির অনুরোধ জানানো হয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, যুদ্ধবিরতির মধ্যেও বাংলাদেশ শিপিং করপোরেশনের জাহাজ ‘বাংলার জয়যাত্রা’ হরমুজ প্রণালির কাছে আটকে আছে। যেসব দেশ থেকে বাংলাদেশ জ্বালানি আমদানি করে তাদের জাহাজ হরমুজ প্রণালীতে আটকে থাকলে সামনের দিনগুলোতে সংকট আরও বাড়বে”

# সাতসকালেই কোন দুর্দিনের পূর্বাভাস

আজাদুর রহমান চন্দন

“এখন তারেক রহমানের সামনেও তেমন সুযোগ আছে। তারেক রহমানের মা ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া মৃত্যুর আগে একাধিকবার প্রতিহিংসা এড়িয়ে পারস্পরিক ভালোবাসা ও ভ্রাতৃত্বের পথে এগোতে তাগিদ দিয়েছেন। তাঁর মৃত্যুর পর বিএনপির চেয়ারম্যানের দায়িত্ব নেওয়ার পর প্রথম অনুষ্ঠানে এসে তারেক রহমানও বলেছিলেন, বিএনপি হিংসা, প্রতিহিংসার রাজনীতি পরিহার করে দেশকে সঠিক পথে নিয়ে যেতে চায়। তারেক রহমানের মুখে একাধিকবার ‘প্রতিহিংসা নয়’, ‘শান্তি ও সমঝোতার রাজনীতির’ কথা জনগণকে আশান্বিত করেছিল। কিন্তু তারেক রহমানের দল ও সরকার কি সে পথে হাঁটছে? জুলাই আন্দোলনের পরের সামান্য ইতিবাচক দিকগুলোও পরিহার করে নেতিবাচক পথেই কি বিএনপি এগিয়ে চলছে না?”



ছাত্র-জনতার অভ্যুত্থান-পরবর্তী অন্তর্বর্তী সরকারের পথচলার ইতি টেনে বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের হাত ধরে নতুন নির্বাচিত সরকারও দুই মাসে পা রাখতে যাচ্ছে। গত ১৭ ফেব্রুয়ারি বিকেল ৪টায় জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় তারেক রহমানের নেতৃত্বে গঠিত নতুন মন্ত্রিসভা শপথ নিয়েছিল। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন তাঁদের শপথবাক্য পাঠ করান। এর আগে সকাল ১০টায় সংসদ ভবনের নিচতলায় অবস্থিত শপথকক্ষে দুই ভাগে শপথ নিয়েছিলেন নবনির্বাচিত সংসদ সদস্যরা। নতুন সরকারের শপথ নেওয়ার খবরে দেশের সংবাদমাধ্যমে কত রকমের বিশেষণই না ব্যবহৃত হয়েছিল! তুলে ধরা হয়েছিল কতই না আশাবাদ! নতুন সরকার গঠনের পর কয়েক দিন সরকারপ্রধানের ট্রাফিক নিয়ম মেনে অফিসে যাতায়াত এবং সকালে নির্ধারিত সময়ের আগেই এমনকি ছুটির দিনেও অফিসে যাওয়া ইত্যাদি কিছু ঘটনার লাইভ টেলিকাস্টও হয়েছে। আমাদের তখন মনেও পড়েনি আশির দশকে এক সামরিক স্বৈরশাসকের সাইকেল চালিয়ে অফিসে যাওয়ার দৃশ্যের কথা।

সরকার গড়ার ১০ দিনের মধ্যে অর্থাৎ ২২ ফেব্রুয়ারি ঢাকার দুই সিটি করপোরেশনসহ দেশের ছয়টি সিটি করপোরেশনে ছয়জন পূর্ণকালীন প্রশাসক নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ। গত ১৪ মার্চ আরও পাঁচ সিটি করপোরেশনে নিয়োগ দেওয়া হয় নতুন প্রশাসক, যাঁদের সবাই বিএনপির নেতা। এর পরদিন অর্থাৎ ১৫ মার্চ দেশের ৪২ জেলা পরিষদেও নতুন প্রশাসক নিয়োগ দিয়েছে সরকার। নিয়োগ পাওয়া এই প্রশাসকদের মধ্যে অন্তত আটজন আছেন, যাঁরা বিগত জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির মনোনয়নে প্রার্থী হয়েছিলেন। তাঁদের কেউ দলীয় চেয়ারম্যানের উপদেষ্টা, কেউ কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব এবং অন্যরাও বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতা। ৩১ মার্চ আরও ১৪ জেলা পরিষদে প্রশাসক নিয়োগ দেয় সরকার। নতুন নিয়োগপ্রাপ্ত প্রশাসকেরাও সবাই দলীয় নেতা। প্রশাসক নিয়োগ দিয়ে স্থানীয় সরকারব্যবস্থাকে সরকার নিজের নিয়ন্ত্রণে নেওয়ার অপচেষ্টা চালাচ্ছে বলে অভিযোগ তুলে সংসদে প্রধান বিরোধী দল বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটির এক বিবৃতিতে বলা হয়, সদ্য গঠিত বিএনপি সরকার এ সিদ্ধান্তের মাধ্যমে শুরুতেই জন-আকাঙ্ক্ষার বিপরীতে অবস্থান নিয়েছে।



জুলাই আন্দোলনে জন-আকাঙ্ক্ষা ছিল বৈষম্যহীন ও গণতান্ত্রিক রাষ্ট্র-সমাজব্যবস্থা গড়ে তোলা, আন্দোলনকালীন হত্যাকাণ্ডের বিচার করা এবং প্রয়োজনীয় সংস্কার এগিয়ে নেওয়া। হত্যাকাণ্ডের বিচার অনেক দূর এগিয়েছে নির্বাচনের আগেই। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা গড়ার প্রথম ধাপ হিসেবে। পরবর্তী ধাপে জনগণের প্রত্যাশা হলো-স্থানীয় সরকারে গণতান্ত্রিক পদ্ধতিতে জনপ্রতিনিধি নির্বাচন। সংস্কারের মূলে যদিও বড় আঘাত করে গেছে অন্তর্বর্তী সরকারই। আমরা নিশ্চয়ই ভুলে যাইনি, বিভিন্ন খাতে সংস্কারের জন্য সেই সরকার ১১টি কমিশন গঠন করেছিল। এসবের মধ্যে নারীবিষয়ক সংস্কার কমিশন প্রতিবেদন দেওয়ার পরপরই এর বিভিন্ন বিষয় নিয়ে ক্ষুব্ধ প্রতিক্রিয়া দেয় হেফাজতে ইসলামসহ ধর্মতান্ত্রিক কিছু দল ও সংগঠন। তারা শুধু প্রতিবেদন নয়, কমিশনই বাতিল করার দাবি তোলে। অন্তর্বর্তী সরকারও কার্যত তাদের দাবির কাছে নতিস্বীকার করে নেয়। ওই প্রতিবেদন নিয়ে আলোচনা তো দূরে থাক, কমিশনই অকার্যকর করে দেওয়া হয়। স্বাস্থ্য খাতে সংস্কার নিয়েও কোনো আলোচনা শোনা যায়নি। স্বাস্থ্য খাতে একটি জনপ্রিয় কার্যক্রম ছিল সরকারি হাসপাতালে বৈকালিক বিশেষজ্ঞ সেবা। অন্তর্বর্তী সরকারের সময় কোনো ঘোষণা ছাড়াই সেটি বন্ধ হয়ে যায়। অন্তর্বর্তী সরকার সেটি চালু করার কোনো আগ্রহই দেখায়নি। ৭৬ কোটি টাকা ব্যয়ে পোশাক বদল আর বড় বড় পদে রদবদল ছাড়া পুলিশ বিভাগে আর কোনো সংস্কার কি কারও নজরে পড়ে? গণমাধ্যম সংস্কার বলতেও চর দখলের মতো বিভিন্ন প্রতিষ্ঠানের মালিকানা ও বড় পদগুলো দখল করা ছাড়া কিছুই হয়নি।

বিএনপি সরকার কিছু ব্যতিক্রম ছাড়া বেশির ভাগ ক্ষেত্রেই অন্তর্বর্তী সরকারের ধারাবাহিকতা বজায় রেখে চলেছে। বিতর্কিত অনেক বিষয়ে অন্তর্বর্তী সরকারের পদক্ষেপ অনুসরণ করে চললেও ইতিবাচক কিছু বিষয় এড়িয়ে চলছে বিএনপি। সরকারি হাসপাতালে বৈকালিক বিশেষজ্ঞ সেবা পুনরায় চালু করার কোনো আগ্রহ বা ইচ্ছা বিএনপি সরকারের আছে বলে মনে হচ্ছে না। অথচ বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএমইউ) বহির্বিভাগে সকালের চেয়ে বিকেলের বিশেষজ্ঞ সেবাপ্রত্যাশীদের ভিড় থাকে বেশি। সরকারি অন্যান্য হাসপাতালেও আগে তেমন চিত্রই দেখা যেত। আওয়ামী লীগ সরকার চালু করেছিল বলেই কি এটি পরিত্যাজ্য?

অন্তর্বর্তী সরকারের জারি করা ১৩৩টি অধ্যাদেশের মধ্যে ২০টি অধ্যাদেশ গত শনিবার থেকে কার্যকারিতা হারিয়েছে। বিশেষ করে বিচার বিভাগের স্বাধীনতা, মানবাধিকার ও দুর্নীতিবিরোধী সংস্কারের মতো গুরুত্বপূর্ণ উদ্যোগগুলোর বৈধতা থাকছে না। এর মধ্যে ৭টি অধ্যাদেশ ৪টি বিলের মাধ্যমে বাতিল করা হয়েছে। বাকি ১৩টি অধ্যাদেশ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হয়েছে। গত এরপর ৩৬ পৃষ্ঠায়

# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES



## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
**(To schedule appointment only)**



Michael Taub, Esq.



Moin Choudhury, Esq.

এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস

**বিনামূল্যে পরামর্শ**

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন


- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা

**IMMIGRATION**
(Consultation fee applies)






## ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি



Attorney
Michigan Only.




Attorney
Michigan Only.



Attorney
New Jersey Only



Attorney, Buffalo
New York Only



Attorney
Connecticut Only



Attorney
Pennsylvania Only


## WWW.MOINLAW.COM

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States.
Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# বৈশাখ থাকুক চির সমুজ্জ্বল, চির মঙ্গলময়

একবেলা আনন্দ-ফূর্তি করে বাড়ি চলে গেলেই এই উৎসব আমাদের পথ দেখাবে? নাকি আমাদের উচিত এর দেখভাল করা? একসময় এই জাতি পয়লা বৈশাখের শক্তি ও সাহসে ভর করে বাঙালিকে মুক্ত করেছিল। পাকিস্তানের মতো দানবের হাত থেকে বাঁচিয়েছিল। সেই জাতি আজ কৃশ, আজ দোদুল্যমান। আজ তার ভেতরে-বাইরে দুশমন। তার চিন্তাচেতনায়, মাথায় ঢুকে আছে বিদেশি ভূত। পরজাতির সংস্কৃতি। মূলত বাংলাদেশ ও বাঙালিকে পেছনে টেনে রাখার চক্রান্তমুক্ত পয়লা বৈশাখ না পেলে একদিন এর বলহীন উদ্‌যাপনে মগ্ন জাতিকে দেখে করুণা করার বিকল্প থাকবে না। পয়লা বৈশাখ বা নববর্ষ আমাদের সেই শক্তির আধার, যা চিরকালের। তাকে যেন হারিয়ে যেতে না দিই। শুভ নববর্ষে সবার জীবন বাঙালিয়ানায় ভরে উঠুক

অজয় দাশগুপ্ত



দেড় বছর বাংলাদেশ কী করবে, কী করবে না, কী বলবে, কী বলবে না-এসব নিয়ে ছিল মহাবিপদের মুখে। হঠাৎ জানা গিয়েছিল রিসেট বাটন সেট করা হয়ে গেছে, এখন আমাদের আর ইতিহাস বা মুক্তিযুদ্ধের দরকার নেই! রিসেট বাটন সবকিছু মুছে দিতে নাকি যথেষ্ট। যা-ই হোক, সে বাটনে কাজ হয়নি। বাঙালি আবার পায়ে পায়ে ফিরছে, ফিরতে চাইছে তার শিকড়ের টানে।

কিন্তু মুশকিল হলো, আমরা সে জাতি, যারা এক পা এগোলে দুই পা পিছাই। এখন শুনছি শোভাযাত্রার নাম 'মঙ্গল' রাখা হবে না। শুনলাম এর নাম হবে 'আনন্দ শোভাযাত্রা'। আজ শুনলাম 'আনন্দ'ও চলবে না, এর নাম হবে 'বৈশাখী শোভাযাত্রা'। মঙ্গলের প্রতি রাগ বা বিদ্বেষের কারণগুলো শুনেছিলাম কিন্তু আনন্দের প্রতি বিরাগের কারণ এখনো জানা হয়নি। এভাবে চলতে থাকলে হয়তো বৈশাখের নামও পড়বে তোপের মুখে। থাকবে না বৈশাখের অস্তিত্ব। সে দুর্ভাবনা কখনো সার্থকতার মুখ না দেখুক।

বাংলা নববর্ষের জাতীয় উৎসবে পরিণত হওয়া খুব বেশি দিনের কথা নয়। ছেলেবেলায় চৈত্রসংক্রান্তি ছিল অনেক পদের রান্না ব্যঞ্জনের এক দিন। মা-খালারা বাবা বা অভিভাবকেরা বাজার করে আসার পরপরই রন্ধনে ঝাঁপিয়ে পড়তেন। চৈত্র নিদাঘ গরমের মাস। এই ব্যঞ্জনের মূল পদগুলোর দিকে তাকালেই বোঝা যাবে কেন এর প্রচলন। যত তিতা, যত শাক, যত তরকারি তার বেশির ভাগই মূলত গরম সহায়ক। এর সঙ্গে যুক্ত ছিল বাংলার মাটি ও ঐতিহ্য থেকে আহরিত শিবের গাজন। মুখোশের নাচ।

আমরা দেখতাম বহুরূপীরা এসব সাজে সেজে সন্ধ্যার পর বাড়ির উঠোনে উঠোনে নেচে বেড়াতেন। ঢাকঢোল আর বাদ্যযন্ত্রের সঙ্গে তাঁদের নাচ ছিল উৎসবের প্রস্তুতি। ওই দিন হালখাতা লেখার প্রচলন ছিল দোকানে দোকানে। দোকানিরা জিলাপি, বাতাসা, রসগোল্লার মতো মিষ্টি মজুত রাখতেন। যথাসম্ভব কাউকে ফেরাতেন না তাঁরা।

এখন সময় পাল্টে গেছে। চাইলেও আর আগের মতো সেসব নিয়ে মেতে ওঠা যাবে না। তা ছাড়া, সেই গাজন বা নাচের শরীরেও এসেছে পরিবর্তন। সেটা মানার পরও বিস্ময় মানি, কী কারণে হঠাৎ করে আমিষ ইলিশ দখল করে নিল বৈশাখের মূল জায়গা! পান্তাভাত আর ইলিশ সহযোগে বৈশাখ পালনের আজ যে সমারোহ, তার সঙ্গে অতীত বা ঐতিহ্যের কোনো মিল নেই। আমরা চিরকাল হুজুগে জাতি। যখন যেটা মাথায় ঢোকে, সেটা নিয়েই মেতে উঠি। পান্তা-ইলিশ এখন এমন এক জায়গায় পৌঁছে গিয়েছে যে এটি না হলে নাকি পয়লা বৈশাখই হয় না। সবচেয়ে মজার ব্যাপার, এই পান্তা-ইলিশ এখন দেশের বড় বড় হোটেল থেকে মেলার অনিবার্য অংশ। তার দাম, তার চাহিদা, তার সামাজিক স্ট্যাটাস এখন আকাশছুঁয়ী। আমি বিষয়টা নিয়ে বলছি এই কারণে, আজকের বাংলাদেশে যা কিছু ঘটছে, তার সবটাই প্রায় হুজুগ।



চোখ মেলে দেখুন, বাংলাদেশের নারীরা কি আগের মতো আছেন? একাত্তরে যে দেশের জন্ম, যে দেশের নারীরা খোলা চুলে কাঁধে বন্দুক নিয়ে স্বাধীনতার সংগ্রাম করেছিলেন, আজ তাঁদের অনেকেই ঘর থেকে বের হতে চান না আর। সেটা কি আসলে ধর্ম, না কোনো বিশ্বাস? না মরুর হাওয়া? এই হাওয়ায় তাঁদের কাঁধের এককালের মুক্তির বন্দুক আজ হয়ে গেছে জঙ্গির হাতিয়ার! চিরকাল জেনে আসা মায়ার দেশ, মমতার সমাজে নারীরা ভবনের ভেতর থেকে আইনের সঙ্গে যুদ্ধ করেন। লড়াই করেন এ দেশের নিয়মিত বাহিনীর সঙ্গে। কেন? তাঁরা এই কাল, ইহকাল বা আজকের কিছুতে বিশ্বাস করেন না। তাঁদের মগজে-মস্তিকে পরকাল। যার সঙ্গে ধর্মের আসলে কোনো যোগ নেই। চিরকাল যে আলো আমাদের পথ দেখিয়েছে, যে ধর্ম আমাদের সাম্য ও মৈত্রীর বাণী শুনিয়ে মহান করে তুলেছিল, এরা তাকে বিতর্কিত করে ফেলছে। এ দেশের পানি, হাওয়া কিংবা সংস্কৃতি-কিছুতেই তাদের বিশ্বাস নেই। নেই বলেই এরা আমাদের জাতীয় পতাকা, গান, ভাস্কর্য-সবকিছু ভেঙে তছনছ করে দিতে চায়। যদি তা-ই হয় বা হতে থাকে, তাহলে কীভাবে পয়লা বৈশাখ নিরাপদ থাকবে দেশে?

পুরুষদের অন্তর আর বাইরে চলছে নিত্য দ্বন্দ্বের এক আশ্চর্য খেলা। তারা ভেতরে ভোগী, বাইরে সুশীল। সামাজিক যোগাযোগমাধ্যমের কীটরা খুব ভালোভাবে জানে তারা এখানে কী করে। আজ দেশে যে পুরুষতন্ত্র দাপটের সঙ্গে ঘুরে বেড়ায়, সমাজ শাসন করে, তাদের ভেতর বাঙালিয়ানা নেই বললেই চলে। হিল্লি-দিল্লি ঘুরে বেড়ানো এদের সঙ্গে বাঙালিয়ানার সম্পর্ক এখন শূন্যের কোঠায়। চারিত্রিক বিশৃঙ্খলা, বহুগামিতা আর বান্ধবীর নামে পরকীয়ার সমাজে একদিন সকালে নতুন পাঞ্জাবি বা পোশাক পরে ঘুরলেই বাঙালি হওয়া যায় না। তা-ও একবেলার জন্য। সকালের রোদ তেতে উঠতেই আমাদের আরেক চেহারা। সন্ধ্যা গড়াতে পানাহারে মত্ত আরেক বাঙালি জাতি আমরা। এই জাতি কী করে পয়লা বৈশাখের পতাকা বহন করবে?

যে কারণে আজকের সমাজে মঙ্গল শোভাযাত্রা পড়েছে চরম বিপাকে। কে না জানে বাংলাদেশে সব সময় খারাপ মানুষ ছিল এবং থাকবে? দুনিয়ার কোন দেশে তা নেই? উন্নত আধুনিক চরম উৎকর্ষে পৌঁছে এরপর ৩৬ পৃষ্ঠায়

# ইরান যুদ্ধ: লক্ষ্যহীন ট্রাম্প, মোদির সঙ্গে বৈঠকে নেতানিয়াহুর সেই ঘোষণা

ড্যানিয়েল লেভি

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের ইরানবিরোধী যুদ্ধে দুই সপ্তাহের বিরতির স্থায়িত্ব নিয়ে এখনো অনেক অনিশ্চয়তা রয়েছে। তবে যে বিষয়টি ছয় সপ্তাহ আগেও যেমন পরিষ্কার ছিল, আজও তেমনই পরিষ্কার। সেটি হলো-এই যুদ্ধে ডোনাল্ড ট্রাম্পের কোনো সুস্পষ্ট পরিকল্পনা নেই, কিন্তু বেনিয়ামিন নেতানিয়াহুর আছে।

ইসরায়েলের যুদ্ধের লক্ষ্য ছিল ইরান রাষ্ট্রের সক্ষমতাকে সর্বোচ্চভাবে দুর্বল করে দেওয়া। তাদের লক্ষ্য ছিল সরাসরি সরকার বদল নয়, বরং ইরানের রাষ্ট্র কাঠামোকেই ভেঙে ফেলা।

যুদ্ধবিরতি হলেও নেতানিয়াহু স্পষ্ট করে দিয়েছেন, এটি 'অভিযানের শেষ নয়' এবং যেকোনো সময় আবার যুদ্ধ শুরু করার প্রস্তুতি তাদের রয়েছে। দীর্ঘদিনের অভিজ্ঞ কৌশলবিদ হিসেবে তিনি ট্রাম্প প্রশাসনের দ্বিতীয় মেয়াদের এই অস্থির ভূরাজনৈতিক পরিস্থিতিকে কাজে লাগিয়ে তার চূড়ান্ত লক্ষ্য-'বৃহত্তর ইসরায়েল' বাস্তবায়নের চেষ্টা করছেন।

মনে হচ্ছে, এক ধরনের আতঙ্ক বা ফোবিয়ায় ইসরায়েল আক্রান্ত হয়েছে। মনে হচ্ছে, অস্তিত্ব সংকটে পড়ার মতো কোনো অনুভূতি রাষ্ট্রটির নেতাদের আচ্ছন্ন করে ফেলেছে ইসরায়েলের ডানপন্থীদের কাছে 'বৃহত্তর ইসরায়েল' অনেক সময় কেবল ভূখণ্ড বাড়ানোর ধারণা হিসেবে দেখা হয়। অর্থাৎ, ইসরায়েল যে অঞ্চলগুলোকে নিজের বলে দাবি করে, সেগুলোর পরিধি আরও বিস্তৃত করার ধারণাকেই তাঁরা 'বৃহত্তর ইসরায়েল' বলে ভাবেন।

এই ব্যাখ্যা অবশ্য আংশিক সত্য। কারণ রাষ্ট্র প্রতিষ্ঠার পর থেকেই ইসরায়েলের বিস্তার ঘটেছে এবং এর ফলে ফিলিস্তিনিদের উচ্ছেদ ও সম্পত্তি হারানোর ঘটনা ঘটেছে। এখন তা আরও দ্রুতগতিতে চলছে।

গত আড়াই বছরে গাজাকে কার্যত ধ্বংস করে আবার তা দখল নিয়েছে ইসরায়েল। এতে হাজার হাজার ফিলিস্তিনি নিহত হয়েছে এবং গাজার বেসামরিক অবকাঠামো প্রায় পুরোপুরি ধ্বংস হয়ে গেছে।

এক হিসাবে, গত বছর গাজার জনগণকে তাদের আগের ছোট্ট ভূখণ্ডের মাত্র ১২ শতাংশ জায়গার মধ্যে গুটিয়ে ফেলা হয়েছে। অন্যদিকে পশ্চিম তীরে ফিলিস্তিনিদের বিরুদ্ধে ধ্বংস ও উচ্ছেদের যে অভিযান চলছে, তা ১৯৬৭ সালের ছয় দিনের যুদ্ধের পর সবচেয়ে বড়। সেখানে ইসরায়েল তার নিয়ন্ত্রণ ও বসতি স্থাপনের পরিধি ক্রমাগত বাড়াচ্ছে।

নেতানিয়াহু তাঁর বৃহত্তর পরিকল্পনার কিছু অংশ প্রকাশ্যেও বলেছেন। যুদ্ধ শুরুর কয়েক দিন আগে নরেন্দ্র মোদির সঙ্গে বৈঠকে তিনি বলেন, তিনি মধ্যপ্রাচ্যকে ঘিরে বা তার ভেতরে একটি 'ষড়ভুজ জোট' তৈরি করতে চান, যেখানে থাকবে ভারত, আরব দেশগুলো, আফ্রিকার দেশগুলো, ভূমধ্যসাগরীয় দেশ (যেমন গ্রিস ও সাইপ্রাস) এবং এশিয়ার অন্যান্য দেশ। এই জোটের কেন্দ্রবিন্দু হবে ইসরায়েল।

২০২৪ সালে বাশার আল-আসাদের পতনের পর ইসরায়েল সিরিয়ার ভেতরে (অবৈধভাবে দখল করা গোলান মালভূমি ছাড়াও) নতুন অঞ্চল দখল করেছে এবং দক্ষিণ লেবাননে আবার দখলদারির অঞ্চল তৈরি করছে।

ইসরায়েলের সরকারে থাকা 'রিলিজিয়াস জায়োনিজম' ও 'জিউইশ পাওয়ার' গোষ্ঠীর মন্ত্রীরা এবং লিকুদ দলের সংসদ সদস্যরা প্রকাশ্যে লেবাননে ইসরায়েলের সার্বভৌমত্ব ও বসতি স্থাপনের দাবি তুলছেন। অর্থমন্ত্রী বেজালেল স্মোৎরিচ ইসরায়েলকে 'দামেস্ক পর্যন্ত বিস্তৃত' করার কথা বলেছেন। নেতানিয়াহু নিজেও এই ধারণার সঙ্গে নিজের গভীর সংযোগের কথা জানিয়েছেন।



তবে 'বৃহত্তর ইসরায়েল' শুধু ভূখণ্ড বাড়ানোর ধারণা নয়, এটি একটি বৃহত্তর ভূরাজনৈতিক ও কৌশলগত পরিকল্পনাও। জমি দখল করা তুলনামূলকভাবে সহজ অংশ; আসল লক্ষ্য আরও বড়। সেটি হলো-নতুন জোট গড়ে তুলে এবং শক্তির ওপর নির্ভরতা তৈরি করে একটি প্রভাবশালী আধিপত্য প্রতিষ্ঠা করা।

এই পরিকল্পনা বুঝতে হলে কয়েক বছর পেছনে যেতে হয়। ৭ অক্টোবর ইসরায়েলিদের ওপর ভয়াবহ হামলার পর এবং গাজায় ইসরায়েলের কঠোর প্রতিক্রিয়ার ফলে আরব দেশগুলোর সঙ্গে সম্পর্ক স্বাভাবিক করার প্রচেষ্টা থমকে যায়। তখন নেতানিয়াহুর সামনে দুটি পথ ছিল-ফিলিস্তিনিদের প্রতি কিছুটা সহনশীল হয়ে সম্পর্ক স্বাভাবিক করা, অথবা ফিলিস্তিন রাষ্ট্রের সম্ভাবনাকে পুরোপুরি অস্বীকার করে কঠোর অবস্থানে থাকা। তিনি দ্বিতীয় পথই বেছে নেন।

এর জন্য ইরানে হামলা করে তাকে দুর্বল করে দেওয়া প্রয়োজন ছিল। কারণ ইরানকে এই অঞ্চলের শক্তির ভারসাম্য রক্ষাকারী হিসেবে দেখা হয়। আর সেই হামলা কেবল যুক্তরাষ্ট্রের সরাসরি ও বড় ধরনের সামরিক সহায়তায়ই সম্ভব ছিল।

তখন নেতানিয়াহুর সামনে দুটি পথ ছিল-ফিলিস্তিনিদের প্রতি কিছুটা সহনশীল হয়ে সম্পর্ক স্বাভাবিক করা অথবা ফিলিস্তিন রাষ্ট্রের সম্ভাবনাকে পুরোপুরি অস্বীকার করে কঠোর অবস্থানে থাকা। তিনি দ্বিতীয় পথই বেছে নেন।

এর জন্য ইরানে হামলা করে তাকে দুর্বল করে দেওয়া প্রয়োজন ছিল। কারণ, ইরানকে এই অঞ্চলের শক্তির ভারসাম্য রক্ষাকারী হিসেবে দেখা হয়। আর সেই হামলা কেবল যুক্তরাষ্ট্রের সরাসরি ও বড় ধরনের সামরিক সহায়তায়ই সম্ভব ছিল।

ইরান যুদ্ধের ঠিক আগে, ইসরায়েলের দুই প্রভাবশালী সাবেক নিরাপত্তা কর্মকর্তা লিখেছিলেন-ইরানের সরকারকে দুর্বল বা উৎখাত করা গেলে এরপর ২৭ পৃষ্ঠায়



এমনকি ইসরায়েল পরবর্তী 'হুমকি' হিসেবে তুরস্কের নামও উল্লেখ করেছে। 'বৃহত্তর ইসরায়েল' নিয়ে এই আলোচনা অনেকের কাছে যুদ্ধকালীন অতিরঞ্জন মনে হতে পারে। কিন্তু সাম্প্রতিক ইসরায়েলি নীতি বলছে, বিষয়টিকে হালকাভাবে নেওয়া ভুল হবে। দেশটির রাজনৈতিক শ্রেণি, সরকার ও বিরোধী দল, নিরাপত্তা কাঠামো এবং নতুন ডানপন্থী অভিজাতদের মধ্যে স্থায়ী যুদ্ধের মানসিকতা গভীরভাবে প্রোথিত। তবে এই চিন্তাধারার মধ্যে অতিরিক্ত বিস্তার এবং পাল্টা প্রতিক্রিয়ার ঝুঁকিও রয়েছে। এটি ইসরায়েলের জন্য যেমন বিপজ্জনক, তেমনি পুরো অঞ্চলের পক্ষেও অগ্রহণযোগ্য। সব মিলিয়ে বলা যায়, এই 'বৃহত্তর ইসরায়েল' আধিপত্যের প্রকল্পকে ঠেকানো ও সীমার মধ্যে রাখাই যুদ্ধ-পরবর্তী চ্যালেঞ্জগুলোর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হতে পারে


দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ ট্রাভেল কনসালটেন্ট
মাহির ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর ট্রাভেল কনসালটেন্ট
নিলয় ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road, Jackson Heights NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B, Tucker, GA 30084 Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09 Road # 17, Block-E, Banani, Dhaka-1213 +88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828

# মুছে যাক গ্লানি, ঘুচে যাক জরা

ড. আনোয়ারউল্লাহ চৌধুরী

পহেলা বৈশাখ, বাংলা নতুন বছরের প্রথম দিন অর্থাৎ নববর্ষ। দেশব্যাপী বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে পালিত হচ্ছে পহেলা বৈশাখ। এক বিশেষ প্রেক্ষাপটে আমরা বাংলা ১৪৩৩ সালকে বরণ করে নিতে যাচ্ছি। দীর্ঘ ১৬ বছরের স্বৈরাচারী দুঃশাসন এবং দেড় বছরের অনির্বাচিত অন্তর্বর্তী সরকারের শাসনামল পেরিয়ে মানুষ মুক্ত ও গণতান্ত্রিক পরিবেশে বাংলা নতুন বছরকে বরণ করে নিতে যাচ্ছে। সব ধরনের অনাচার-অবিচারমুক্ত কল্যাণমূলক রাষ্ট্র গঠনের প্রত্যয় নিয়ে আমাদের কাছে উপস্থিত হয়েছে বাংলা ১৪৩৩ সাল। নানা কারণেই এ বছরের পহেলা বৈশাখ অত্যন্ত গুরুত্বপূর্ণ ও তাৎপর্যময়। রুদ্ধ পরিবেশে সীমাহীন যন্ত্রণার মাঝে কখনো আনন্দ উৎসব করা যায় না। বিগত দিনগুলোতে বাংলাদেশের মানুষ গতানুগতিকভাবে পহেলা বৈশাখ পালন করেছে। চব্বিশের গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে এদেশের মানুষ আবারও নতুন করে মুক্ত পরিবেশে বেঁচে থাকার স্বপ্ন দেখছে। বিগত আওয়ামী লীগ সরকার আমলে অনুষ্ঠিত ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালের সংসদ নির্বাচন জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ন্যূনতম গ্রহণযোগ্যতা পায়নি। জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে অনুষ্ঠিত জাতীয় ও আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে বিএনপি নেতৃত্বাধীন জোট সরকার গঠন করেছে। বাংলাদেশ এক নতুন পরিস্থিতিতে পালন করতে যাচ্ছে পহেলা বৈশাখ। এক সুন্দর স্বপ্নময় অনুভূতি নিয়ে আমাদের দ্বারে উপস্থিত হয়েছে বাংলা ১৪৩৩ সালের প্রথম দিন।

পৃথিবীতে অনেক জাতি আছে যাদের কোনো নিজস্ব সন নেই। সেদিক থেকে বাংলাদেশের মানুষ অত্যন্ত সৌভাগ্যবান যে, আমাদের একটি মর্যাদাপূর্ণ সাল রয়েছে। আমাদের একটি ক্যালেন্ডার আছে। পৃথিবীতে যেসব সাল বা সন অত্যন্ত মর্যাদাপূর্ণ অবস্থানে রয়েছে, বাংলা সাল এর অন্যতম। এ উপমহাদেশেই অনেক সাল আছে, কিন্তু সেগুলোর বেশির ভাগই এখন বিলুপ্তপ্রায়। কিন্তু বাংলা সন দিন দিন উজ্জ্বল হয়ে উঠছে, স্বমহিমায় তার উপস্থিতি জানান দিচ্ছে। যতই দিন যাচ্ছে, বাংলা সালের মহিমা ততই বাড়ছে। আগামীতে বাংলাবর্ষের গুরুত্ব ও তাৎপর্য আরও বাড়বে এটা নিশ্চিত করেই বলা যায়। বাংলা সন এ অঞ্চলের মানুষের গর্বের ধন।

বাংলাবর্ষের ইতিহাস খুব বেশি পুরোনো নয়। ১৬০০ শতাব্দীর আটের দশক পর্যন্ত আমাদের দেশের মানুষ মূলত হিজরি ও গ্রেগরিয়ান সনকে বিবেচনায় নিয়ে তাদের নিত্যদিনের কাজকর্ম সম্পাদন করতেন। সেসময় চান্দ্রমাস অনুযায়ী দিন-তারিখ গণনা করা হতো। কিন্তু এতে বেশকিছু সমস্যা দেখা দেয়। মোগল সম্রাট আকবরের আমলে বিষয়টি কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়। সেসময় চান্দ্রমাস অনুযায়ী বছরের প্রথম দিন রাজস্ব বা খাজনা আদায় করা হতো। কিন্তু এতে দিন-তারিখের সমন্বয় সাধন করার ক্ষেত্রে সমস্যা হতো। চান্দ্রমাস অনুযায়ী প্রতিবছর ১১ থেকে ১২ দিন এগিয়ে আসে। ফলে খাজনা আদায়ের নির্দিষ্ট তারিখ নির্ধারণ করা কঠিন হতো। এ সমস্যার সমাধানে সম্রাট আকবর সেসময়ের বিশিষ্ট জ্যোতির্বিজ্ঞানী ও জ্ঞানতাপস সৈয়দ মীর ফতেহউল্লাহ সিরাজিকে দায়িত্ব অর্পণ করেন। ফতেহউল্লাহ সিরাজি নানা দিক বিশ্লেষণ করে একটি নতুন সন প্রবর্তনের উদ্যোগ নেন। ১৫৮৪ সালের ১০ মার্চ নতুন বাংলা সন প্রণয়ন করা হয়, তবে তা কার্যকর করা হয় দুবছর পর, ১৫৮৬ সালের ১৬ মার্চ সম্রাট আকবরের রাজ্যাভিষেকের দিন থেকে। বাংলা সন প্রবর্তনের মূল কারণ আর্থিক খাতে শৃঙ্খলা বিধান করা। প্রজাদের কাছ থেকে বকেয়া রাজস্ব বা খাজনা আদায়ের জন্যই বাংলা সাল প্রবর্তন করা হয়। প্রতিবছর চৈত্রসংক্রান্তিতে রায়তরা তাদের বকেয়া খাজনা জমিদারদের মাধ্যমে সম্রাটের কোষাগারে জমা দিতেন। যারা নির্ধারিত দিনে রাজস্ব বা খাজনা জমা দিতেন, তাদের মিষ্টিমুখ করানো হতো। সম্রাটের পক্ষ থেকে জমিদার ও তালুকদাররা বংশানুক্রমে রাজস্ব আদায়ের দায়িত্ব পালন করতেন। আনুষ্ঠানিকভাবে রাজস্ব জমা দেওয়ার সময় উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হতো। এ অনুষ্ঠানকে 'পুণ্যাহ' বলা হতো। রাজস্ব আদায়ের এ ইস্যুটি শুধু জমিদার-তালুকদারদের মধ্যেই সীমাবদ্ধ ছিল না। একসময় ব্যবসায়ীরা তাদের গ্রাহকদের কাছ থেকে বকেয়া পাওনা আদায়ের উদ্যোগ গ্রহণ করেন। তারা চৈত্রসংক্রান্তিতে গ্রাহকদের নিমন্ত্রণ জানাতেন। গ্রাহকরা সেই নিমন্ত্রণ গ্রহণ করে তাদের বকেয়া পাওনা পরিশোধ করতেন। ব্যবসায়ীরা তাদের গ্রাহকদের মিষ্টিমুখ করাতেন। ব্যবসায়ীরা তাদের বিগত বছরের হিসাবের খাতা বন্ধ করে নতুন হিসাবের খাতা খুলতেন।



পহেলা বৈশাখ তথা বাংলা বছরের সূচনা হয়েছিল মূলত আর্থিক কারণে। কিন্তু পরবর্তী সময়ে তা শুধু আর্থিক বিষয়ে সীমাবদ্ধ থাকেনি। এটি একটি সর্বজনীন আনন্দ উৎসবে পরিণত হয়েছে। দেশের বিভিন্ন স্থানে নানা আয়োজনের মাধ্যমে পহেলা বৈশাখ পালিত হয়। ধর্মমত নির্বিশেষে সবাই এ অনুষ্ঠানে শামিল হয়ে থাকে। দেশের বিভিন্ন স্থানে বৈশাখী মেলার আয়োজন করা হয়। নানা ধরনের খেলাধুলার ব্যবস্থা করা হয়। জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে পহেলা বৈশাখ সবার অন্তরের অনুষ্ঠান। সাম্প্রতিক বছরগুলোতে পহেলা বৈশাখ উদযাপনের ক্ষেত্রে নতুন মাত্রা যোগ করেছে আনন্দ শোভাযাত্রা। ১৯৮৯ সালে রাজধানীতে ঢাকা চারুকলা অনুষদের শিক্ষার্থীরা পহেলা বৈশাখ উপলক্ষ্যে বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রার আয়োজন করে। তখন এর নাম দেওয়া হয়েছিল এরপর ২৪ পৃষ্ঠায়



এবারের পহেলা বৈশাখের অঙ্গীকার হোক সুখী-সমৃদ্ধ ঐক্যবদ্ধ বাংলাদেশ; যে বাংলাদেশ আমাদের মুক্তিযুদ্ধের চেতনায় বৈষম্যহীন সমাজ গঠনে সহায়তা করবে। জাতিসংঘের উদ্যোগে বিশ্বব্যাপী বাস্তবায়নাধীন সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলের (এসডিজি) মূল লক্ষ্য হচ্ছে, কাউকে পেছনে ফেলে রাখা যাবে না। সবাইকে নিয়েই উন্নয়নের পথে এগিয়ে যেতে হবে। বর্তমান প্রেক্ষাপটে আমাদের লক্ষ্য হতে পারে পহেলা বৈশাখের চেতনায় আলোকিত হয়ে সুখী-সমৃদ্ধ বাংলাদেশ গঠন। সেই লক্ষ্যেই আমাদের কাজ করে যেতে হবে। মনে রাখতে হবে, ব্যক্তির চেয়ে দল বড়, আর দলের চেয়ে দেশ বড়। আমাদের এমন কিছু করা ঠিক হবে না, যাতে দেশ এবং দেশের মানুষের কোনো ক্ষতি হয়। এবারের পহেলা বৈশাখ সবার জন্য মঙ্গল বয়ে আনুক, এ প্রত্যাশা রইল

# বৈচিত্রের মাঝে সহাবস্থান নতুন বাংলাদেশের চ্যালেঞ্জ

সৈয়দ ইশতিয়াক রেজা

শিক্ষা, সংস্কৃতি এবং পারিবারিক মূল্যবোধের মাধ্যমে আমাদের নতুন প্রজন্মকে শেখাতে হবে ভিন্নতাকে সম্মান করার গুরুত্ব। ধর্ম, ভাষা বা মতের পার্থক্য নয়, মানুষ হিসেবে আমাদের অভিন্ন পরিচয়ই হওয়া উচিত সবচেয়ে বড় ভিত্তি। বাংলা নববর্ষের এই সময়ে তাই আমাদের অঙ্গীকার হওয়া উচিত-আমরা বৈচিত্রকে রক্ষা করব, সহনশীলতাকে শক্তিশালী করব এবং একটি মানবিক সমাজ গড়ে তুলব। কারণ শেষ পর্যন্ত, একটি দেশের উন্নয়ন শুধু অর্থনৈতিক সূচকে মাপা যায় না; তা মাপা যায় মানুষের মধ্যে পারস্পরিক সম্মান, সহমর্মিতা এবং সহাবস্থানের মানদণ্ডে। নতুন বছরের শুরুতে এটাই হোক আমাদের সবচেয়ে বড় প্রত্যাশা-বৈচিত্রের মাঝে ঐক্য, বিভেদের মাঝে সহমর্মিতা, আর সংঘাতের বদলে সহাবস্থানের এক নতুন বাংলাদেশ

ভিন্নতা ও বৈচিত্রকে মুছে ফেলতে চাইলে আমাদের দুনিয়ার স্বাভাবিক নিয়মের বিরুদ্ধেই দাঁড়াতে হয়। কারণ এই পৃথিবীর প্রকৃত সৌন্দর্য লুকিয়ে আছে তার বিচিত্রতায়-রঙে, রূপে, চিন্তায় এবং সংস্কৃতিতে। একেকটি মানুষ, একেকটি ভাষা, একেকটি বিশ্বাস ও অভ্যাস পৃথিবীকে করে তোলে আরও সমৃদ্ধ, আরও প্রাণবন্ত। যদি সবকিছু একরকম হয়ে যেত, তবে জীবন থেকে হারিয়ে যেত তার গভীরতা, বিস্ময় আর সৃজনশীলতার আনন্দ। বৈচিত্রই আমাদের শেখায় সহনশীলতা, পারস্পরিক সম্মান এবং নতুন কিছু আবিষ্কারের সাহস। তাই ভিন্নতাকে নিঃশেষ না করে, বরং তাকে গ্রহণ ও লালন করাই আমাদের প্রকৃত মানবিকতার পরিচয় হওয়া উচিত। এই ভাবনার মাঝেই উদযাপিত হয় বাংলা নববর্ষ। নতুন বছরের সূচনা, নতুন আশার বার্তা নিয়ে আসে আমাদের জীবনে। ঘরে ঘরে মানুষ যখন নানা রঙে, আনন্দে ও উৎসবে বরণ করে নেয় নতুন বছরকে, তখন সমাজের আরেক প্রান্তে জমে ওঠে বেদনা, শোক এবং হতাশার মেঘ।



উৎসবের সর্বজনীনতা যেন কোথাও গিয়ে থেমে যায় বিভাজন, অসহিষ্ণুতা এবং সহিংসতার দেয়ালে।

সম্প্রতি কুষ্টিয়ার দৌলতপুরে একটি মর্মান্তিক ঘটনা আমাদের আবারও নাড়িয়ে দিয়েছে। ধর্ম অবমাননার অভিযোগ তুলে একদল মানুষ হামলা চালিয়ে হত্যা করেছে পীর শামীম রেজা জাহাঙ্গীরকে। মৃত্যুর আগমুহূর্তেও তিনি বারবার হাত জোড় করে নিজের কথা বলার সুযোগ চেয়েছিলেন; কিন্তু সেই মানবিক আবেদন উপেক্ষিত হয়েছে উন্মত্ততার কাছে। এই ঘটনা শুধু এক ব্যক্তির মৃত্যুই নয়; এটি আমাদের সমাজে ক্রমবর্ধমান অসহিষ্ণুতার নগ্ন প্রকাশ।

আমাদের সমাজে দীর্ঘদিন ধরে একমুখী আলোচনা ও চিন্তার প্রাধান্য বাড়ছে। বহুত্ববাদ বা মতের বৈচিত্র্যের জায়গা ক্রমশ সংকুচিত হয়ে পড়ছে। এর ফলেই যখন-তখন গণউচ্ছৃঙ্খলতা সৃষ্টি করে কাউকে আক্রমণ করা, এমনকি হত্যা করার ঘটনাও বেড়ে চলেছে। উদ্বেগজনক বিষয় হলো, এই প্রবণতা কোনো নির্দিষ্ট সময় বা সরকারের মধ্যে সীমাবদ্ধ নেই; বরং এটি ধীরে ধীরে আমাদের সামাজিক কাঠামোর গভীরে প্রোথিত হয়ে যাচ্ছে।

গণতন্ত্রের মূল শক্তি হলো মতের ভিন্নতা এবং তার সহাবস্থান। কিন্তু বাস্তবে আমরা দেখতে পাচ্ছি, ভিন্নমতকে ক্রমেই দমন করা হচ্ছে। কেউ ভিন্ন কথা বললেই তাকে ধর্মদ্রোহী, দেশদ্রোহী বা শত্রু হিসেবে চিহ্নিত করা হচ্ছে। এই প্রবণতা একদিকে যেমন গণতন্ত্রকে দুর্বল করে, অন্যদিকে সমাজে তৈরি করে ভয় ও অবিশ্বাসের পরিবেশ। ফলে মানুষ নিজের মত প্রকাশে দ্বিধাগ্রস্ত হয়ে পড়ে, যা একটি সুস্থ সমাজের জন্য অত্যন্ত ক্ষতিকর।


মাত্র এক মাস আগে আমরা উদযাপন করেছি স্বাধীনতার ৫৫ বছর পূর্তি। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীনতা শুধু একটি ভূখণ্ডের স্বাধীনতা নয়; এটি আমাদের আত্মপরিচয়, মূল্যবোধ এবং মানবিকতার প্রতীক। সেই সংগ্রামের মূল চেতনায় ছিল সাম্য, মানবিক মর্যাদা এবং সহাবস্থান। কিন্তু আজকের বাস্তবতায় আমরা কি সেই চেতনার কাছাকাছি আছি, নাকি ধীরে ধীরে সেখান থেকে দূরে সরে যাচ্ছি? এই প্রশ্নটি এখন সময়ের দাবি।

বাংলাদেশের রাজনীতিতে সংকীর্ণতা নতুন কিছু নয়। বিভিন্ন সময়ে ক্ষমতার পালাবদলের সঙ্গে সঙ্গে এই প্রবণতা রূপ বদলেছে, কিন্তু মূল চরিত্রে খুব একটা পরিবর্তন আসেনি। বিশেষ করে সাম্প্রতিক বছরগুলোতে অসহিষ্ণুতা ও অনুদারতার চর্চা এমনভাবে বেড়েছে যে, প্রায় প্রতিদিনই কোথাও না কোথাও ভিন্নমতের কারণে নির্যাতন বা সহিংসতার খবর পাওয়া যায়। রাজনীতি যেন প্রতিযোগিতামূলক গণতন্ত্রের নামে বিভাজনকে আরও উসকে দিচ্ছে।

রাজনীতিকরা প্রায়ই ভ্রাতৃত্ব, শান্তি এবং সম্প্রীতির কথা বলেন। কিন্তু বাস্তবে এই কথাগুলো অনেক সময়ই শুধু আনুষ্ঠানিক বাণীতে সীমাবদ্ধ থাকে। কার্যকর উদ্যোগের অভাবে সমাজে ঘৃণা ও বিভাজনের রাজনীতি আরও শক্তিশালী হয়ে ওঠে। আদর্শ ও নৈতিকতার চেয়ে ক্ষমতার স্বার্থই যখন রাজনীতির প্রধান চালিকাশক্তি হয়ে ওঠে, তখন গণতন্ত্রের প্রকৃত অর্থ হারিয়ে যায়। সংখ্যাগরিষ্ঠতার জোরে সিদ্ধান্ত চাপিয়ে দেওয়াই হয়ে দাঁড়ায় একমাত্র লক্ষ্য, আর সংখ্যালঘু বা ভিন্নমতের কণ্ঠস্বর হারিয়ে যায় কোলাহলের ভিড়ে।

এই বাস্তবতায় আমাদের নতুন করে ভাবতে হবে-আমরা কেমন বাংলাদেশ চাই? এমন একটি দেশ, যেখানে ভিন্নমতকে দমন করা হবে, নাকি এমন একটি দেশ, যেখানে মতের ভিন্নতা থাকবে, কিন্তু সহাবস্থানও নিশ্চিত হবে? বৈচিত্রকে যদি আমরা ভয় পাই, তবে আমরা নিজেরাই নিজেদের সম্ভাবনাকে সীমাবদ্ধ করে ফেলব।

সমাজে সহনশীলতা ফিরিয়ে আনতে হলে শুধু আইন বা শাস্তি যথেষ্ট নয়; প্রয়োজন মানসিকতার পরিবর্তন। শিক্ষা, সংস্কৃতি এবং পারিবারিক মূল্যবোধের মাধ্যমে আমাদের নতুন প্রজন্মকে শেখাতে হবে ভিন্নতাকে সম্মান করার গুরুত্ব। ধর্ম, ভাষা বা মতের পার্থক্য নয়, মানুষ হিসেবে আমাদের অভিন্ন পরিচয়ই হওয়া উচিত সবচেয়ে বড় ভিত্তি। বাংলা নববর্ষের এই সময়ে তাই আমাদের অঙ্গীকার হওয়া উচিত-আমরা বৈচিত্রকে রক্ষা এরপর ৮ই পৃষ্ঠায়



# বাড়ি ক্রয়-বিক্রয়ের কথা ভাবছেন?

## সিদ্ধান্ত নেয়ার এখনই সঠিক সময়

আমরা কম সময়ের মধ্যে আপনার বাড়ি সর্বোচ্চ মূল্যে বিক্রয় করতে সহায়তা করতে পারি।



আপনি (০% থেকে ৩.৫% ডাউন পেমেন্টে) FHA লোন
সেলফ এমপ্লয়েডরা ৫% ডাউন পেমেন্টে (শুধু ২০২৫ সালের ট্যাক্স ফাইল দিয়ে)
এবং ইনকাম না থাকলেও ২০% ডাউন পেমেন্ট দিয়ে বাড়ি কিনতে পারেন।

**কামরুজ্জামান বাচ্চু**
**KAMRUZ ZAMAN BACCU**
Licensed Real Estate Salesperson

**347.465.3220**
kamruzbaccu1@gmail.com



**Buying/Selling:**
Residential, Commercial Investment, HUD Auctions, Foreclosures REO/Bank Owned Houses, Short Sale & Stop Foreclosure.

**Rental:**
Cash, W-2
CityPHEPS
PHEPS
Section-8 & other programs

MLS

ISLAND ADVANTAGE REALTY
360 Motor Parkway Suite 200A, Hauppauge, NY 11788. 631.351.6000

# House & Co-Ops For Sale

| Address | Beds & Baths | Asking Price |
|---|---|---|
| 1715 St Peters Ave, Bronx, NY 10461 | 10 Bedrooms, 6 bathrooms 4 Family House | $1,499,000 |
| 163 Emily Avenue, Elmont, NY 11003 | 4 Bedrooms, 2 bathrooms | $850,000 |
| 21 Piper Lane, Levittown, NY 11756 | 4 Bedrooms, 2 bathrooms Renovated | $799,000 |
| 830 Hendrix Street, Brooklyn, NY 11207 | 9 Bedrooms, 3 bathrooms | $999,900 |
| 40-26 Benham St, Elmhurst, NY11373 (Occupied) | 3 Family, 5 bedrooms, 3 bathrooms 1 car garage | $1,199,000 |
| 140-04 123rd Ave Jamaica NY 11436 (Occupied) | 1 Family | $409,900 |
| 3321 Fish Ave, Bronx, NY 10469 (Bricks) | 2 family 4 beds over 3 beds+ semi-basement,driveway | $995,000 |
| 8902-8904 Glenwood Road Brooklyn | Multi-Family - Mixed Use | $800,000 |
| 21 Spirit Lane Staten Island | 1 Family | $600,000 |
| 20 Whitman Avenue, Islip, Long Island | 1 Family | $599,000 |
| 140-04 123rd Avenue Jamaica | 1 Family | $409,900 |
| 33-47 91st Street Unit 5A Jackson Heights | Occupied (Auction Sale) Co-Op (3 Beds, 1.5 baths) | $125,790 |
| 25-48 96th Street East Elmhurst | Three Family (Occupied) | $899,000 |
| 166-25 Powells Cove Blvd #4D Beechhurst, NY 11357 | Co-Op, 2 Bedrooms, 2 bathrooms | $675,000 |
| 825 Morrison Avenue #12F, Bronx, NY 10473 | Co-Op, 2 Bedrooms, 1 bathroom | $319,000 |

**We Have 200+ Regular, REO and Auction Houses For Sale**

আজই কল করুন, কামরুজ্জামান বাচ্চু (আইল্যান্ড এ্যাডভেন্টেজ রিয়েলটি)- ৩৪৭-৪৬৫-৩২২০

NY INSURANCE
BROKEAGE INC.
TLC INSURANCE SPECIALIST
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
BLACK & GREEN CAR BASE
718

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR


ZILLUR TAX ACCOUNTING
& INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
☐ Personal Tax Filing
☐ Business Tax Filing
☐ New Business Setup
☐ Home & Business Insurance
☐ Immigration Services
☐ ITIN Number Application
☐ Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY
OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ
GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Mamdani is going to start city-run Grocery Stores

Shah Nawaz



Mamdani is looking for a 70-million-dollar budget to place one store in each of the five boroughs. Tuesday, he outlined plans for one of them in East Harlem.

